প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭
www.srdl.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.৫০৭

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

বিষয়: **শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে দায়িত্ব প্রদান সংক্রান্ত।**

সূত্র: ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে ১৬/০৫/২০২৩ তারিখে সম্পাদিত চুক্তিপত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প" এ অধিদপ্তরের একটি ফ্লাগশিপ প্রকল্প। প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪০০১টি ও ২য় পর্যায় ৫০০০টিসহ মোট ৯০০১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ৩০০টি সংসদীয় আসনে ৩০০টি "শেখ রাসেল স্কুল অব ফিউচার" স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী **"আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স"** বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণটি শুরু হবে। ইতোমধ্যে ৯টি ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচন করে চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। প্রত্যেক ভেন্ডর প্রতিষ্ঠান প্রতি ব্যাচে ২০ জন হিসেবে গড়ে ২০০টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করবে। প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত প্রশিক্ষণার্থী শিক্ষকের তথ্য এ সংক্রান্তে তৈরীকৃত সফটওয়্যারে এন্ট্রি সম্পন্ন হয়েছে। উপজেলা সদর/নিকটবর্তী সুবিধাজনক শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ সুষ্ঠুভাবে আয়োজন, তদারকি, সমন্বয় এবং বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিতভাবে কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হলোঃ

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল নম্বর | দায়িত্বপ্রাপ্ত এলাকা | ভেন্ডর প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১ | জনাব মীর্জা মুরাদ হাসান বেগ<br>উপ-পরিচালক, আইসিটি অধিদপ্তর ও<br>উপ-প্রকল্প পরিচালক(সাধারণ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়) | ০১৭১৯৯৮৭৪৭৩ | রংপুর বিভাগ | JV of Prime Tech Solutions Ltd, Beyond Innovation & Technologies Ltd. and AAIT Solutions |
| ২ | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>সহকারী প্রোগ্রামার | ০১৭৯৪০০০০১১ | রাজশাহী বিভাগ | JV of Arena Phone BD Ltd. Innovazione Technologies and Metalex |
| ৩ | জনাব শরিফুল ইসলাম<br>সহকারী প্রোগ্রামার | ০১৭৭০১৫৭০৩৪ | ঢাকা(আংশিক) ও ময়মনসিংহ বিভাগ | JV of Optimal IT Ltd; Savvy Techmart Ltd and LAL Sobuz Technology, JV of AI Soft Bangladesh, Gopalgonj Model Polytechnic Institute and RAM Solutions Ltd, |
| ৪ | জনাব রিয়াসাত রায়হান নুর<br>সহকারী প্রোগ্রামার | ০১৫৩৪২০৫০০৩ | খুলনা বিভাগ | JV of Standard Technologies Ltd., QYS Networking & Solutions Ltd & Liner Technologies Ltd |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | জনাব মোঃ জাহিদুল ইসলাম<br>সহকারী প্রোগ্রামার | ০১৭৩৮১০৫৬৬৫ | চট্টগ্রাম বিভাগ | JV of IBCS-Primax Software (Bangladesh) Ltd, Leads Training & Consulting Ltd. and Virtual Market Solution Ltd<br>JV of BASE Ltd, Global Brand PVT Ltd & Kloud Technologies Ltd |
| ৬ | জনাব মোঃ আল রেফাত<br>সহকারী প্রোগ্রামার | ০১৯৩২১৬৫৩২৬ | সিলেট বিভাগ | JV of Ezze Technology Ltd and Exes Tech Ltd. |
| ৭ | জনাব মোঃ শাহ আলম<br>সহকারী প্রোগ্রামার | ০১৭০৫৫৭১৪৬৩ | বরিশাল | JV of Edu Maker, ADN Eduservice Ltd and ADN Telecom Ltd |
| ৮ | জনাব অনিন্দ্য ভট্টাচার্য্য<br>সহকারী প্রোগ্রামার | ০১৭০৫৫৭১৪৬৩ | ঢাকা আংশিক | JV of Prime Tech Solutions Ltd, Beyond Innovation & Technologies Ltd. and AAIT Solutions |

**দায়িত্বঃ**

ক) ভেন্ডর প্রতিষ্ঠান, জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারগণের সাথে নিয়মিত যোগাযোগ রেখে ভেন্যু/বিকল্প ভেন্যু নির্ধারণ, ব্যাচ তৈরীতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

খ) ল্যাবের ল্যাপটপ, এলইডি টিভি, মাল্টিমিডিয়া, রাউটার ও অন্যান্য সামগ্রী প্রয়োজনীয় মেরামত ও সম্পূর্ণ ব্যবহার উপযোগী করা নিশ্চিত করতে হবে।

গ) ল্যাবে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ, ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে।

ঘ) জেলা/উপজেলা প্রশাসন, জেলা/ উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার ও প্রতিষ্ঠান প্রধানগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে সমন্বয় করে প্রয়োজনীয় পদক্ষেপ  গ্রহণ করতে হবে।

ঙ) প্রশিক্ষণ আয়োজন, উদ্বোধন, সম্প্রচার এবং ব্যাপক প্রচারে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

চ) প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণের নির্ধারিত সময়ে উপস্থিতি ও অংশগ্রহণ মনিটরিং করতে হবে।

ছ) প্রশিক্ষণার্থীদের সকল প্রশিক্ষণ সামগ্রী, খাবার/নাস্তা সরবরাহ, সম্মানী/ভাতা প্রদান তদারকি করতে হবে।

জ) প্রতিদিনের প্রশিক্ষণের তথ্য সংগ্রহ, পর্যালোচনা ও সফটওয়্যারে আপলোড তদারকি করতে হবে।

ঝ) প্রতি ব্যাচ শেষে মতামতসহ লিখিত প্রতিবেদন দাখিল করতে হবে।

ঞ) প্রশিক্ষণ শেষে জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সমপর্যায়ের কর্মকর্তা ও ভেন্যুর অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার/প্রতিষ্ঠান প্রধান এর যৌথ স্বাক্ষরে প্রত্যয়ন গ্রহণ তদারকি ও সমন্বয় করতে হবে।

ট) জেলা/ উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার ও ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক চাহিত অন্য যে কোন সহযোগিতা প্রদান করতে হবে।

০২। এমতাবস্থায়, প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত বর্ণিত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রতিষ্ঠানভিত্তিক বিস্তারিত তথ্য।

২২-৫-২০২৩
এস এ এম রফিকুন্নবী
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

বিতরণ :

১) উপ প্রকল্প পরিচালক (সাধারন) (অতিরিক্ত দায়িত্ব),

প্রকল্প পরিচালকের দপ্তর , শেখ রাসেল ডিজিটাল ল্যাব
স্থাপন (২য় পর্যায়)।
২) সহকারী প্রোগ্রামার(সকল), শেখ রাসেল ডিজিটাল
ল্যাব স্থাপন (২য় পর্যায়)।

ফোন: ০২-৫৫০০৬৮২৬
ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬
ইমেইল: pdsrdl@doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.৫০৭/১(৫১৪)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২২ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৫) বিভাগীয় কমিশনার,খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম।
৬) জেলা প্রশাসক (সকল)।
৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।
৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১১) উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল)।
১২) জেলা শিক্ষা অফিসার(সকল){তাঁর জেলাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ}।
১৩) প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৫) টিম লিডার,পরামর্শক প্রতিষ্ঠান ডিডিসি এন্ড এমসিসি লিমিটেড (শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলছে কিনা এবং সকল নিয়মকানুন মেনে হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রদান করার অনুরোধসহ)
১৬) সহকারী প্রোগ্রামার(সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল){তাঁর উপজেলাধীন শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ}।
১৮) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট, ......................কলেজ/ বিদ্যালয়/ মাদ্রাসা/..................।

২২-৫-২০২৩
এস এ এম রফিকুন্নবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)